

প্রকাশ : ৮ জুলাই, ২০১৭ ১৩:০৮
আপডেট : ৮ জুলাই, ২০১৭ ১৬:৪৮

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

অংশগ্রহণমূলক নির্বাচন বিষয়ক গোলটেবিল

অনলাইন ডেস্ক



রাজধানীর লেকশোর হোটেলে ‘সমুন্নত রাজনৈতিক প্রক্রিয়া ও অংশগ্রহণমূলক নির্বাচন’ শীর্ষক গোলটেবিল বৈঠক চলছে। আজ সকাল ১০টার দিকে ইনস্টিটিউট অব কনফ্লিক্ট, ল অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজের (আই ক্ল্যাডস) আয়োজনে এই গোল টেবিল বৈঠক শুরু হয়।

এই গোলটেবিলে ঢাকা উত্তর সিটি করপোরেশনের

(ডিএনসিসি) মেয়র আনিসুল হক বলেন, দেশে ব্যবসাবান্ধব বিনিয়োগের জন্য একটি অর্থবহ নির্বাচন প্রয়োজন। এই কমিশন নিয়ে খুব বেশি তর্ক বিতর্ক হচ্ছে না। সব রাজনৈতিক দল ইসির সাথে আলোচনা করছে। গণতান্ত্রিক পরিবেশে ভালো নির্বাচন হোক, এটি সবার কামনা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আনোয়ার হেসেন বলেছেন, কিছু কিছু ওয়াজে জঙ্গিবাদের কথা বলা হচ্ছে। এটা বন্ধ করতে হবে। কারণ ওয়াজের নামে জঙ্গিবাদকে উস্কে দেওয়া হচ্ছে।

এছাড়া জামায়াতে ইসলামী নির্বাচনে অংশ না নিলেও দলটির নেতারা অন্য কোনো নামে অংশ নিলে সেটা গ্রহণযোগ্য হবে কিনা- তা ভেবে দেখার আহ্বানও জানান তিনি।

একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবির বলেন, ওয়াজের নামে অনেক সময় সাম্প্রদায়িকতার সৃষ্টি হয়। যারা এরকম করবে তাদের শাস্তির আওতায় এনে রাজনীতিতে নিষিদ্ধ করতে হবে। পাশাপাশি সহিংসতার উস্কানিদাতাদেরও শাস্তির আওতায় আনতে হবে।

ঢাকা ব্যয় নির্বাচনকে প্রভাবিত করে জানিয়ে তিনি বলেন, ব্যয় বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে। যারা অধিক অর্থ ব্যয় করবে তাদেরও শাস্তির আওতায় আনতে হবে।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) উপাচার্য অধ্যাপক নাজমুল আহসান কলিমুল্লাহ বলেছেন, অংশগ্রহণমূলক নির্বাচন জরুরি। আর তার থেকে জরুরি কোনো রাজনৈতিক দল যেন সহিংসতায় না জড়ায়। নির্বাচন কমিশনকে সে বিষয়টি দেখতে হবে।

নির্বাচনে সেনা মোতায়েন করা হলে তারা যেন বেশি সময় ধরে দায়িত্ব পালন না করেন সে ব্যাপারে সতর্ক করে তিনি আরও বলেন, নির্বাচনে সহিংসতা কাম্য নয়। নৈরাজ্য ও গণতন্ত্র এক সঙ্গে চলবে, এটাও কাম্য নয়।

ধর্মের ব্যবহার জিরো টলারেন্স হিসেবে দেখাতে হবে বলেও জানান নাজমুল আহসান কলিমুল্লাহ।

বৈঠকে অন্যদের মধ্যে আই ক্ল্যাডস চেয়ারম্যান মোহাম্মদ জমির, একাত্তর টেলিভিশনের মোজাম্মেল হক বাবু, বিজিএমইএ পরিচালক শমী কায়সার প্রমুখ অংশ নিয়েছেন।

শিক্ষাবিদদের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান আব্দুল মান্নান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হারুন অর রশিদ উপস্থিত আছেন।

আই ক্ল্যাডস'র নির্বাহী পরিচালক মেজর জেনারেল (অব.) আব্দুর রশীদ অনুষ্ঠানে মূল ধারণাপত্র উপস্থাপন করেন।

বিডি প্রতিদিন/০৮ জুলাই ২০১৭/এনায়েত করিম